


প্রকাশ : ১৮ জানুয়ারি, ২০১৬ ১২:৩৮
আপডেট : ১৮ জানুয়ারি, ২০১৬ ১৬:০১

অনলাইন
ভার্সন

Share
প্রিন্ট করুন 

'ভূমিকম্প মোকাবিলায় আমাদের সঠিক প্রস্তুতি নেই'

| অনলাইন ডেস্ক



ফাইল ছবি

ভূমিকম্পের ঝুঁকি মোকাবিলায় বাংলাদেশের সঠিক প্রস্তুতিও নেই বলে মন্তব্য করেছেন ঢাকা উত্তর সিটি করপোরেশনের মেয়র আনিসুল হক। আজ সোমবার সকালে রাজধানীর স্পেক্ট্রা কনভেনশন সেন্টারে 'ভূমিকম্প মোকাবেলা: আমাদের করণীয়' শীর্ষক এক কর্মশালার উদ্বোধনী বক্তব্যে তিনি এ মন্তব্য করেন।

বেসরকারি সংস্থা প্ল্যান ইন্টারন্যাশনাল বাংলাদেশ ও সিপ'র সহযোগিতায় এই কর্মশালার আয়োজন করে ডিএনসিসি।

কর্মশালায় মেয়র আসিনুল হক বলেন, 'ভূমিকম্প আমাদের কাছে নতুন অধ্যায়, ভূমিকম্পে ঢাকা শহরের কতগুলো ভবন ঝুঁকিতে রয়েছে তার কোনো সঠিক পরিসংখ্যান কারো কাছেই নেই।'

তিনি আরো লেন, নানাবিধ দুর্যোগ মোকাবিলায় বাংলাদেশের অভিজ্ঞতা অন্যদেশের তুলনায় অনেক সমৃদ্ধশীল। কিন্তু ভূমিকম্প মোকাবিলায় আমাদের সঠিক প্রস্তুতি নেই। আমাদের সঠিক কোনো পরিসংখ্যানও কারো কাছে নেই। বলা হয় বড় মাত্রার ভূমিকম্প হলে ৭০-৮০ লাখ ভবন ঝুঁকির মধ্যে রয়েছে। কিন্তু এর সঠিক পরিসংখ্যান কত হবে সেটা জানা নেই। এজন্য ভূমিকম্প হলে আমাদের কি করণীয় সেসব বিষয় বেশি করে জানতে হবে।'

কর্মশালার উদ্বোধনী অনুষ্ঠানে বক্তব্য রাখেন প্ল্যান ইন্টারন্যাশনালের কান্ট্রি ডাইরেক্টর সেনায়েত গেব্রেজেবিয়ার।

কর্মশালায় ভূমিকম্প, নগরের ঝুঁকি এবং পরিণতি বিষয়ক আলোচনা করবেন ঢাকা বিশ্ববিদ্যালয়ে প্রফেসর একেএম মাকসুদ কামাল। সাম্প্রতিক ভূমিকম্প, প্রশাসন ও সার্বিক সমন্বয়- নেপাল অভিজ্ঞতার আলোকে বিশ্লেষণ করবেন, মানবিক সাহায্য কর্মী, ভূমিকম্পে বিধ্বস্ত নেপালের সহায়তা কাজে অংশগ্রহণকারী শশাঙ্ক সাদী। এছাড়াও আরো তিনটি বিষয় নিয়ে কর্মশালায় আলোচনা করা হবে।

বিডি-প্রতিদিন/১৮ জানুয়ারি ২০১৬/শরীফ